# গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় : গুনাহ মাফের উপায়

রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

১০. রাসূলুল্লাহ (সা.)-এর অনুসরণ করা

যারা আল্লাহকে ভালোবাসে এবং রাসূলুল্লাহ (সা.)-কে অনুসরণ করে আল্লাহ তাদেরকে ভালোবাসেন এবং তাদের গুনাহও মাফ করে দেন। আল্লাহ তা'আলা বলেন,

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللهُ غَفُورٌ رَّحِيمٌ

“বল, ‘যদি তোমরা আল্লাহকে ভালোবাস, তাহলে আমার অনুসরণ কর, আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন এবং তোমাদের পাপসমূহ ক্ষমা করে দেবেন। আর আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু’।”[1]

একদল জিন্ ইসলাম গ্রহণ করে তাদের সম্প্রদায়ের কাছে ফিরে গিয়ে রাসূলুল্লাহ (সা.)-এর প্রতি ঈমান আনার আহবান জানিয়েছিল। তাদের বক্তব্য উল্লেখ করে আল্লাহ তা'আলা বলেন,

يَا قَوْمَنَا أَجِيبُوا دَاعِيَ اللهِ وَآمِنُوا بِه يَغْفِرْ لَكُمْ مِنْ ذُنُوبِكُمْ وَيُجِرْكُمْ مِنْ عَذَابٍ أَلِيمٍ

“হে আমাদের ক্বওম! আল্লাহর দিকে আহবানকারীর প্রতি সাড়া দাও এবং তার প্রতি ঈমান আন, আল্লাহ তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন। আর তোমাদেরকে যন্ত্রণাদায়ক ‘আযাব থেকে রক্ষা করবেন’।”[2]

ফুটনোট

[1]. সূরা আ-লি ‘ইমরা-ন ০৩ : ৩১।

[2]. সূরা আল আহক্বা-ফ ৪৬ : ৩১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9113

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন